ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
Dhaka Customs Agents Association
ASSOCIATION BABHAN, 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, BANGLADESH PHONE: 02222225942, 029337843

প্রচার পত্র নং- ১৪০/২০২৫ তারিখ ঃ ০২/১১/২০২৫ইং

সম্মানীয় সদস্যবৃন্দ,

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের কার্গো ভিলেজে অগ্নি দূর্ঘটনার ফলে উদ্ভূত পরিস্থিতি ও সংকট নিরসনের লক্ষ্যে এবং উৎপাদন চেইন নিরবিচ্ছিন্ন রাখার স্বার্থে শুল্ক কর্তৃপক্ষ অন্যান্য দিনের ন্যায় শুক্র ও শনিবার পণ্য খালাস কার্যক্রম চলমান রেখেছেন। সংশ্লিষ্ট সদস্যবৃন্দকে এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

উল্লেখ্য, বিজিএমইএ এর পক্ষ থেকে এ বিষয়ে একটি বিজ্ঞপ্তি জারী করেছেন, যা নিম্নে দেয়া হয়েছে।

ধন্যবাদান্তে,

(মোঃ ফারুক আলম)
সাধারণ সম্পাদক
ফোন ঃ ০১৭১১-৫২০২৭৯

---

BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/ ২৩২ তারিখঃ ০১ নভেম্বর, ২০২৫

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের মাধ্যমে আমদানিকৃত পণ্য শুক্র ও শনিবারসহ অন্যান্য বন্ধের দিনে খালাসকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ বিজিএমইএ'র সার্কুলার নং-
ক) বিজিএ/কাস/২০২৫/২১৬ তারিখঃ ২০/১০/২০২৫ইং
খ) বিজিএ/কাস/২০২৫/২১৭ তারিখঃ ২১/১০/২০২৫ইং
গ) বিজিএ/কাস/২০২৫/২১৮ তারিখঃ ২২/১০/২০২৫ইং
ঘ) বিজিএ/কাস/২০২৫/২২৬ তারিখঃ ২৮/১০/২০২৫ইং

আপনারা সকলে অবগত আছেন যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের কার্গো ভিলেজে গত ১৮/১০/২০২৫ইং তারিখে অগ্নি-দূর্ঘটনার ফলে আমদানিকৃত পণ্যসহ সংশ্লিষ্ট গুদামগুলো ধ্বংস প্রাপ্ত হয় এবং বর্তমানে পণ্য সংরক্ষণ ও ডেলিভারীসহ অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য পর্যাপ্ত জায়গা পাওয়া যাচ্ছে না। যেখানে সেখানে পণ্য ফেলে রাখা হচ্ছে। এমনকি রানওয়েতেও পণ্য স্তুপ হয়ে আছে। যার ফলে পণ্য চালানগুলো অনিরাপদ এবং রোদ ও বৃষ্টিতে নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। যা ইতোপূর্বে সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে আপনাদেরকে অবগত করা হয়েছে।

ঢাকা কাস্টম হাউস, বাংলাদেশ বিমান, সিভিল এভিয়েশন থেকে মৌখিকভাবে আমদানিকৃত পণ্য শুক্র ও শনিবারসহ সকল ছুটির দিনে স্বাভাবিক কার্যদিবসের ন্যায় দ্রুত খালাস করার বিষয়ে তাগিদ দেয়া হচ্ছে। বর্তমানে স্বাভাবিক কর্মদিবসের মতো শুক্র ও শনিবারসহ অন্যান্য ছুটির দিনও পূর্ণ মাত্রায় পণ্য খালাস কার্যক্রম চালু আছে। কিন্তু বাংলাদেশ বিমান মারফত জানা যায় যে, ছুটির দিনগুলোতে পণ্য খালাসের হার অতি নগন্য।

তাই বর্তমানে এই সংকটকালীন সময়ে পোশাক খাতের সাপ্লাইচেইন ব্যবস্থা নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার স্বার্থে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের মাধ্যমে আমদানিকৃত পণ্য চালান সাধারণ কর্ম দিবসের মতো শুক্র ও শনিবারসহ অন্যান্য ছুটির দিনও দ্রুত খালাসের নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

১/১১/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
- বাংলাদেশে তৈরি -
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org